দৈনিক জনকণ্ঠ

তারিখ 07 SEP 2016
পৃষ্ঠা ১৪ কলাম ৫

# নর্থ সাউথ ভার্সিটিতে ওরিয়েন্টেশন

নর্থ সাউথ ইউনিভার্সিটির ফল ২০১৬ সেমিস্টারের নবাগত শিক্ষকদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম রবিবার বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি এ্যান্ড অফিসার্স লাউঞ্জে অনুষ্ঠিত হয়েছে। এ সেমিস্টারে স্কুল অব হিউম্যানিটিস এ্যান্ড সোশ্যাল সায়েন্সস, স্কুল অব হেলথ এ্যান্ড লাইফ সায়েন্সস, স্কুল অব ইঞ্জিনিয়ারিং এ্যান্ড ফিজিক্যাল সায়েন্সস এবং স্কুল অব বিজনেস এ্যান্ড ইকোনমিক্স এ চার অনুষদে ফুলটাইম ও পার্টটাইম মিলিয়ে সর্বমোট ৫০ জন নতুন শিক্ষক যোগদান করেছেন। যার মধ্যে ১৯ শিক্ষকই বিশ্বের খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ের পিএইচডি ডিগ্রীধারী।

উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আজিম উদ্দিন আহমেদ। বক্তব্য রাখেন চার অনুষদের ডীন।-বিজ্ঞপ্তি।